# স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর মহোদয়ের পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর পরিদর্শন ও বৃক্ষ রোপণ:

আজ ২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী **জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, এমপি** এক ঝটিকা সফরে পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর পরিদর্শন করেন।

সফরকালে তিনি একাডেমির কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। সভায় তিনি একাডেমির চলমান প্রশিক্ষণ, গবেষণা ও পল্লী উন্নয়ন কার্যক্রম, অবকাঠামোগত উন্নয়ন এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত খোঁজখবর নেন। এ সময় একাডেমির মহাপরিচালক মাননীয় মন্ত্রীকে একাডেমির চলমান বিভিন্ন কার্যক্রম ও উন্নয়নমূলক উদ্যোগ এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত করেন।

মতবিনিময়কালে তিনি একাডেমির অবকাঠামোগত উন্নয়ন, প্রশিক্ষণ কার্যক্রম এবং পল্লী উন্নয়নে একাডেমির কার্যক্রম আরও গতিশীল ও ফলপ্রসূভাবে পরিচালনার আহ্বান জানান। সভা শেষে মাননীয় মন্ত্রী একাডেমির মনোরম ক্যাম্পাসে একটি **কৃষ্ণচূড়া** গাছের চারা রোপণ করেন। এ সময় তিনি পরিবেশ সংরক্ষণ ও সবুজায়নের গুরুত্ব তুলে ধরেন এবং সকলকে বৃক্ষরোপণে উদ্বুদ্ধ করেন।

এ সময় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী, রংপুর বিভাগের বিভাগীয় কমিশনার জনাব মোঃ শহিদুল ইসলাম, এনডিসি, রংপুর রেঞ্জের ডিআইজি জনাব আমিনুল ইসলাম, রংপুরের জেলা প্রশাসক জনাব মোহাম্মদ রুহুল আমিন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানগণ, পল্লী উন্নয়ন একাডেমি, রংপুরের মহাপরিচালক জনাব খায়রুল আনামসহ একাডেমির কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।